দৈনিক সংবাদ ৭৬৩

তারিখ ... 04 APR 1996 ...
পৃষ্ঠা ১ কলাম ২

# অস্ত্র উদ্ধার করতে পুলিশ অনুমতি ছাড়াই হলে ঢুকতে পারবে
## ——— উপাচার্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ বলেছেন, অস্ত্র উদ্ধার শেষ হয়নি। অস্ত্র উদ্ধারের প্রক্রিয়া সবে শুরু হয়েছে। তিনি বলেন, এখনও এক-তৃতীয়াংশ অস্ত্র উদ্ধার করা হয়নি। তিনি বলেন, অস্ত্র উদ্ধার এবং সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য পুলিশ প্রভোষ্ট এবং হাউস টিউটরদের অনুমতি ছাড়াই হলে ঢুকতে পারবে।

গতকাল বুধবার সন্ধ্যায় বিভিন্ন দৈনিক পত্রিকার ঢাকা বিশ্ববিদ্যালয় রিপোর্টারদের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে তিনি একথা বলেন।

অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ বলেন, দীর্ঘদিন বন্ধ থাকার পর আগামী শনিবার

উপাচার্য ঃ পৃঃ ৬ কঃ ৪

## উপাচার্য ঃ পুলিশ ঢুকতে

( ১ম পৃষ্ঠার পর )

থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম আরম্ভ হবে। তিনি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র সংগঠনসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে সংযম ও সহনশীলতার পরিচয় দেয়ার জন্য আহ্বান জানান।

তিনি বলেন, হলে হলে জোর করে ছাত্রদের মিছিল ও সমাবেশে নিয়ে যাওয়ার ব্যাপারে শিগগিরই ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিনি জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যরা দু'একদিনের মধ্যে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে অবহিত করবেন।